

২০২৩

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমিস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) হাস্যরস সৃষ্টির মধ্য দিয়ে সমাজশোধনের যে পন্থা মাইকেল মধুসূদন দত্ত তাঁর 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'-প্রহসনে গ্রহণ করেছেন তার স্বরূপ আলোচনা করো। ১০

অথবা,

- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তধারা' নাটকের প্রাণ অভিজিৎ চরিত্রটি।— মন্তব্যটির আলোকে অভিজিৎ চরিত্রটির পরিচয় দাও। ১০

- ২। (ক) 'কারাগার' নাটকে সংগীতের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) "আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।"— এই উক্তির আলোকে ক্যাপ্টেন বেণীমাধবের চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'নাট্য নিয়ন্ত্রণ বিল' এক কলঙ্কজনক অধ্যায়। পরিশ্রেক্ষিতসহ বিষয়টি সংক্ষেপে আলোচনা করো। ১০

- ৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের যে-কোনো একটি নারীচরিত্রের পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগীর ভূমিকা আলোচনা করো। ৫

- ৫। (ক) "তথাপি আপনি রাজা,— প্রজার ওপর অপরের অত্যাচারের জন্যও রাজাই দায়ী!"— বক্তার মনোভাবের সত্যতা বিশ্লেষণ করো। ৫

Please Turn Over

অথবা,

(খ) উৎপল দত্ত রচিত ‘টিনের তলোয়ার’ নাটকে প্রিয়নাথ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

৫

৬। (ক) ঢাকা লেখো — বেলগাছিয়া নাট্যশালা।

৫

অথবা,

(খ) ঢাকা লেখো — লেবেদফের বেঙ্গলী থিয়েটার।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) “দৈবশক্তির সঙ্গে যার লড়াই মানুষের অভিষাপকে সে গ্রাহ্য করে?” — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) “আমি কলকাতাকে পেয়েছি হাতের মুঠোয়। আমি ঐ বাবুদের পেয়েছি পায়ের তলায়।” — কার উক্তি? কেন সে এমন কথা বলেছে?

(গ) নবনাট্য আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌ’ কবে প্রথম প্রকাশিত হয়?

(খ) ‘মুক্তধারা’ নাটকটির প্রকাশকাল লেখো।

(গ) ফতেমা চরিত্রটি কোন নাটকে পাওয়া যায়?

(ঘ) ন্যাশনাল থিয়েটারের প্রতিষ্ঠাকাল কবে?

(ঙ) গণনাট্য সংঘ প্রযোজিত যে-কোনো একটি নাটকের নাম লেখো।

(চ) বাগবাজার অ্যামেচার থিয়েটারের দুজন অভিনেতার নাম লেখো।

(ছ) জোড়াসাঁকো নাট্যশালার উদ্যোক্তাদের মধ্যে যে-কোনো একজনের নাম লেখো।

(জ) উগ্রসেন কোন নাটকের চরিত্র?

(ঝ) নবীন বসুর শ্যামবাজার থিয়েটারে অভিনীত একটি নাটকের নাম লেখো।

(ঞ) বীরকৃষ্ণ দাঁ চরিত্রটি কোন নাটকে পাওয়া যায়?

(ট) “যাকে ময়না ঘেন্না করে তার সঙ্গে জোর করে গাঁটছড়া বেঁধে দেয়ার চেয়ে মেয়েটাকে মেরে ফেললেই পারো।” — কার উক্তি?

(ঠ) শঙ্খু মিত্র প্রতিষ্ঠিত নাট্যদলটির নাম লেখো।

(ড) “আমি কলকাতার তলায় থাকি।” — কার উক্তি?

(ঢ) “দেখো, আমি বলি তোমাকে, আমাদের পুজো বাবার কাছে পৌঁছেছে না। — পথের থেকে কেড়ে নিচ্ছে।” — কে বলেছে?

(ণ) “ও যে অমন করে মন্দিরের মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মত দেখাচ্ছে।” — কীসের কথা বলা হচ্ছে?